গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা -১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০২৪.২০১৩-১০৩

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: "ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মী নিবাস নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মী নিবাস নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৯০.০০ কোটি (একশত নব্বই কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৩ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/১০/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় কর্তৃক আলোচ্য প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ২৫৪.১০ কোটি (দুইশত চুয়ান্ন কোটি দশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৩ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১১/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। অতঃপর জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক জুলাই ২০১৩ হতে জুন ২০২১ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। জানুয়ারি ২০২১ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগিত ৮১% এবং আর্থিক অগ্রগতি ২০৩.১৪ কোটি টাকা (৮০%)। প্রকল্পটি এ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত।

২। ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছনন্নতা কর্মী নিবাস নির্মাণ প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্প। সিটি কর্পোরেশন কর্তৃক সর্বশেষ দয়াগঞ্জের ০১ (এক)টি সাইট বুঝে নিতে দেরি হওয়ায়, প্রকল্প স্থানের মাটির বিয়ারিং ক্যাপাসিটি খুবই দুর্বল হওয়ায় ডিজাইন পরিবর্তনের প্রয়োজনীয়তা, সংশোধিত ডিজাইন অনুযায়ী কাজ করার জন্য সময় বৃদ্ধির প্রয়োজনীয়তা, অত্যাবশ্যকীয় কিছু নতুন কাজ যেমন: সীমানা প্রাচীর, সংযোগ সড়ক, কমিউনিটি রুম, সোলার প্যালেন ইত্যাদি সর্বশেষ সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা, সর্বোপরি বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে মাঠ পর্যায়ে শ্রমিক সংকটসহ নানাবিধ সমস্যার সৃষ্টি হওয়ায় নির্মাণ কাজ বন্ধ থাকায় প্রকল্পভুক্ত সমুদয় কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হবে না বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ আরও ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মী নিবাস নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব অর্থাৎ জুলাই ২০১৩ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৩ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

১৪/০২/২১

(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

১। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

২। সদস্য
ভৌত অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।